

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২২৮-আইন/২০২৪/৭০/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৩০ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৬৬-আইন/২০২৪/১৮/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্তাবলির ক্রমিক নং (১) এর দফা (ক) এর ব্যাখ্যা অংশের দফা (অ) এর উপ-দফা (i) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (i) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(i) “মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১” অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরসাইকেলের সমস্ত পার্টস প্রস্তুত করিয়া অথবা চেসিস এবং Table-4 এ উল্লিখিত পণ্য দ্বারা ইঞ্জিন নিজে প্রস্তুত করিয়া ও এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস নিজে প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেণ্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করে;”।

২। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।